

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০১৬-১৮২


তারিখ : ২৩/০৫/২০১৬

বিষয় : চলতি ২০১৬ (১৪৩৭হিঃ) সালে হজ্জযাত্রী প্রেরণকারী প্রত্যেক এজেন্সীর International Bank Account Number (IBAN) প্রদানের বিষয়টি অবহিত করণ এবং স্ব স্ব IBAN এর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে মোয়াল্লেম ফি এবং অন্যান্য প্রাপ্য প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

রাজকীয় সৌদি সরকারের হজ্জ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৬ (১৪৩৭হিঃ) হজ্জ মৌসুমে হজ্জযাত্রীদের মোয়াল্লেম ফি, বাড়ীভাড়া এবং ক্যাটারিং সার্ভিস ইত্যাদির সকল অর্থ এজেন্সীসমূহের IBAN এ প্রেরণ এবং উক্ত একাউন্ট হতে স্থানীয় সকল প্রাপ্য ই-পেমেন্ট সিস্টেমে পরিশোধ করার বাধ্যবাধকতা রয়েছে। বাংলাদেশ হতে ২০১৬ সালে হজ্জযাত্রী প্রেরণকারী এজেন্সীসমূহের “রিয়াদ ব্যাংকের” অনুকূলে IBAN ইস্যু করা হয়েছে। এজেন্সীসমূহ তাদের USER NAME ও PASSWORD তৈরী করে ই-হজ্জ সিস্টেমে প্রবেশ করে সংশ্লিষ্ট এজেন্সীর Financial Information অপশনে স্ব স্ব IBAN জানতে পারবেন। উল্লেখ্য, চলতি হজ্জ মৌসুমে প্রত্যেক হজ্জ এজেন্সীকে নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব IBAN এর মাধ্যমে মোয়াল্লেম ফি এর অর্থ প্রেরণ নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, হজ্জ কার্যক্রম পরিচালনাকারী এজেন্সীসমূহকে IBAN পাওয়ার বিষয়টি অবহিতকরণ এবং এজেন্সীসমূহের মোয়াল্লেম ফি সহ যাবতীয় প্রাপ্য স্ব স্ব IBAN এ প্রেরণের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২৩/৫/২০১৬
(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
কাউন্সেলর (হজ্জ)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।